গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "মেমোরি অব দ্য' ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার"-এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য'র" স্বীকৃতি লাভ করায় এ অসামান্য অর্জনকে যথাযোগ্যভাবে উদযাপনের অংশ হিসেবে আগামী ২৫ নভেম্বর ২০১৭ তারিখ শনিবার ঢাকার সোহরাওয়ার্দী উদ্যানে অনুষ্ঠেয় কর্মসূচিতে অংশগ্রহণ বিষয় অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব ফয়েজ আহম্মদ ভারপ্রাপ্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
সভার তারিখ	:	২৩/১১/২০১৭খ্রি:
সময়	:	বেলা ১১.৩০ ঘটিকা
সভার স্থান	:	মন্ত্রণালয়ের সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যদের নামের তালিকা "পরিশিষ্ট-ক"-তে সন্নিবেশিত হ'ল।

২.০০। স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর "মেমোরি অব দ্য' ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার"-এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য'র" স্বীকৃতি লাভ করায় এ অসামান্য অর্জনকে যথাযোগ্যভাবে উদযাপনের লক্ষ্যে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের সার্বিক তত্ত্বাবধানে আগামী ২৫-১১-২০১৭ তরিখে 'আনন্দ শোভাযাত্রা' আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বা:শি:প:ক:বি; মহাপরিচালক, পরিবার পরিকল্পনা/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/পরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য অধিদপ্তর; প্রো-ভিসি, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়; অধ্যক্ষ স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ; অধ্যক্ষ, মুগদা মেডিকেল কলেজসহ উপস্থিত ব্যক্তিবর্গ তাদের মতামত ব্যক্ত করেন।

৩.০০। সার্বিক আলোচনান্তে আগামী ২৫ নভেম্বর ২০১৭ তারিখে 'আনন্দ শোভাযাত্রা' আয়োজনের বিষয়ে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	কার্যক্রম	বাস্তবায়নকারী
১.	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং এর আওতাধীন সকল দপ্তর/পরিদপ্তর/সংস্থা (সরকারি ও বেসরকারি) আনন্দ শোভাযাত্রায় অংশগ্রহনের জন্য বেলা ২.০০ টায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের মুল ফটকের (পশ্চিম গেট) সামনে জমায়েত হবেন। উক্ত শোভাযাত্রায় প্রতিষ্ঠানসমূহ তাদের সর্বোচ্চ উপস্থিতি নিশ্চিত করবে।	উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়/অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বা:শি:প:ক:বি/ মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/নিপোর্ট / অধ্যক্ষ, ঢাকা,স্যার সলিমুল্লাহ, শহীদ সোহরাওয়ার্দী, মুগদা মেডিকেল কলেজ এবং ঢাকা ডেন্টাল কলেজ মিরপুর এবং অধ্যক্ষ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট।

২.	ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের সম্মুখ হতে দোয়েল চত্বর হয়ে (ডিএমপি ট্রাফিক এর ভিন্নতর কোন ব্যবস্থা না থাকলে) শোভাযাত্রাটি **বেলা ৩.০০ টার মধ্যে** সোহরাওয়ার্দী উদ্যানে পৌছাবে। শোভাযাত্রায় অংশগ্রহণকারীগণ সোহরাওয়ার্দী উদ্যানে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানমালা উপভোগ করবেন।	উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়/অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বা:শি:প:ক:বি/ মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/নিপোর্ট / অধ্যক্ষ, ঢাকা,স্যার সলিমুল্লাহ, শহীদ সোহরাওয়ার্দী, মুগদা মেডিকেল কলেজ এবং ঢাকা ডেন্টাল কলেজ মিরপুর এবং অধ্যক্ষ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট।
৩.	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নামে 'আনন্দ শোভাযাত্রা'-এর জন্য ব্যানার প্রস্তুত করা হবে। তবে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন ঢাকাস্থ সকল প্রতিষ্ঠান নিজ নিজ প্রতিষ্ঠানের নামে ব্যানারসহ শোভাযাত্রায় অংশগ্রহণ করবেন। তবে ব্যানারটি বর্ণিত অনুষ্ঠানের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। ব্যানারে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের ছবি ছাড়া অন্য কোন ছবি থাকবে না।	উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়/অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বা:শি:প:ক:বি/ মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/নিপোর্ট / অধ্যক্ষ, ঢাকা,স্যার সলিমুল্লাহ, শহীদ সোহরাওয়ার্দী, মুগদা মেডিকেল কলেজ এবং ঢাকা ডেন্টাল কলেজ মিরপুর এবং অধ্যক্ষ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট।
৪.	দিবসটিকে উৎসবমুখর করার জন্য প্রতিষ্ঠানসমূহ নিজস্ব ব্যবস্থাপনায় ক্যাপ, গেঞ্জি, ব্যান্ড পার্টি ইত্যাদি আয়োজন করতে পারবে। উক্ত ক্যাপ, গেঞ্জি-তে তাদের প্রতিষ্ঠানের নাম ছাপানো যাবে।	উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়/অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বা:শি:প:ক:বি/ মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারী অধিদপ্তর/নিপোর্ট / অধ্যক্ষ, ঢাকা,স্যার সলিমুল্লাহ, শহীদ সোহরাওয়ার্দী, মুগদা মেডিকেল কলেজ এবং ঢাকা ডেন্টাল কলেজ মিরপুর এবং অধ্যক্ষ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট।
৫.	মেডিকেল কলেজ/প্যারামেডিকেল-এর ছাত্র-ছাত্রীগণ এ্যাপ্রোন পড়ে এবং একইভাবে নার্সিং কলেজ/ইনস্টিটিউট-এর নার্স/ছাত্র-ছাত্রীগণ তাদের জন্য নির্ধারিত পোষাক পরে আনন্দ শোভাযাত্রায় অংশগ্রহণ করবেন।	অধ্যক্ষ, ঢাকা,স্যার সলিমুল্লাহ, শহীদ সোহরাওয়ার্দী, মুগদা মেডিকেল কলেজ এবং ঢাকা ডেন্টাল কলেজ মিরপুর এবং অধ্যক্ষ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট।
৬.	ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল-এর প্রধান ফটক সংলগ্ন এলাকাটি জমায়েতের সুবিধার্থে নিরাপত্তাসহ পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ/পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল/যুগ্মসচিব (প্রশাসন), স্বা:শি:প:ক:বি

৭.	আনন্দ শোভাযাত্রায় অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ যেকোন সমস্যার ক্ষেত্রে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করবেন।	যুগ্মসচিব (প্রশাসন) জনাব মোঃ শাহ আলম, মোবা: ০১৫৫২৪৬৩৭৭৫, যুগ্মসচিব (পার) জনাব মোঃ শাব্বীর হোসেন, মোবা: ০১৭৮০১৭৮২৭৩, উপসচিব (প্রশাসন-১) ডা: মোঃ সারোয়ার বারী, মোবা: ০১৭১০৯৫৭২২৯
৮.	আনন্দ শোভাযাত্রায় অংশগ্রহণকারীদের জন্য প্রয়োজনীয় খাবার পানি সরবরাহ করতে হবে।	মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর/পরিচালক, (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।

৪.০০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৩-১১-২০১৭
(ফয়েজ আহম্মদ)
ভারপ্রাপ্ত সচিব

নং-৫৯.০০.০০০০.১০৪.৯৯.০১৫.২০১৭-৫৯৫/১(২০০)   তারিখ: ২৩-১১-২০১৭ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হ'ল:

১। উপাচার্য, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়, শাহবাগ, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৩। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/পরিবার পরিকল্পনা অধিদপ্তর/নিপোর্ট/নার্সিং ও মিডওয়াইফারী, ঢাকা।
৪। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৫। পরিচালক (চিকিৎসা শিক্ষা ও জনশক্তি উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৬। অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ/স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ/শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ/মুগদা মেডিকেল কলেজ, ঢাকা ডেন্টাল কলেজ, ঢাকা।
৭। উপসচিব/উপ-প্রধান (সকল), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৯। অধ্যক্ষ,...................................... সকল বেসরকারি মেডিকেল কলেজ।
১০। অধ্যক্ষ, (নার্সিং কলেজ/আইএইচটি/ম্যাটস),......................... ঢাকা।
১১। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
১২। সহকারী সচিব/সহকারী প্রধান, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, ঢাকা।
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

২৩।১১।১৭
(ডাঃ মোঃ সারোয়ার বারী)
উপসচিব
ফোন: ৯৫৪০৯২২
Email: admin1@mefwd.gov.bd